



🏠 মূল পাতা 📧 ঘোষণাযোগ 📡 লগ-ইন করুন

ঢাকা, রোববার, ৩ আগস্ট ২০০৮, ১৯ শ্রাবণ ১৪১৫, ১ শাবান ১৪২৯
বর্ষ ১০, সংখ্যা ২৬৭, আপডেট: বাংলাদেশ রাত ২টা ৫০ মিনিট

এ সংখ্যায় থাকছে

- ▶ প্রথম পাতা
- ▶ শেষ পাতা
- ▶ সম্পাদকীয়/উপসম্পাদকীয়
- ▶ খোলা কলাম
- ▶ সারা দেশ
- ▶ বিশাল বাংলা
- ▶ সারা বিশ্ব
- ▶ খেলাধুলা
- ▶ বিনোদন
- ▶ পড়াশোনা
- ▶ কম্পিউটার প্রতিদিন
- ▶ চিঠিপত্র
- ▶ অর্থ ও বাণিজ্য

🗨️ ফিচার পাতা

- ▶ ঢাকায় থাকি
- ▶ স্টেডিয়াম

সারা দেশ

+ সংবাদ শিরোনাম

◀ আগের সংবাদ

▶ পরের সংবাদ

বিইউপির সেমিনারে বক্তারা পুলিশ আইন সংস্কারের এখনই উপযুক্ত সময়

নিজস্ব প্রতিবেদক

রাজধানীতে আয়োজিত এক সেমিনারে বক্তারা পুলিশ আইন সংস্কারের ওপর গুরুত্বারোপ করে বলেছেন, এখনই এই আইন সংস্কার করার উপযুক্ত সময়। বিলম্ব হলে এই আইন সংস্কার আর সম্ভব নাও হতে পারে। বর্তমান সরকার দায়িত্ব নেওয়ার পর অনেক ভালো কাজ করেছে, যা জনগণ মনে রাখবে না। বরং ক্ষমতা ছাড়ার পর কিছু কিছু কাজের জন্য তাদের জবাবদিহি করতে হবে।

রাজধানীর ইস্কাটন গার্ডেন রোডে বাংলাদেশ অর্থনীতি সমিতির মিলনায়তনে গতকাল শনিবার গবেষণা সংস্থা বাংলাদেশ উন্নয়ন পরিষদ (বিইউপি) আয়োজিত ‘জাতীয় উন্নয়ন বিকাশে পুলিশ আইন সংস্কারের প্রয়োজনীয়তা’ শীর্ষক এক সেমিনারে বক্তারা এসব কথা বলেন।

সেমিনারে মূল বক্তব্য উপস্থাপন করেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা এএসএম শাহজাহান। অতিথি ছিলেন পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) নূর মোহাম্মদ। মুখ্য আলোচক ছিলেন অতিরিক্ত মহাপরিদর্শক নববিক্রম কিশোর ত্রিপুরা।

বাংলাদেশ উন্নয়ন পরিষদের চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জামান আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন সৈয়দ শাহ হাবীব উল্লাহ, সৈয়দ ইউসুফ হোসেন, অধ্যাপক আশরাফ উদ্দিন চৌধুরী, অধ্যাপক ডালেম চন্দ্র বর্মণ, ব্রিগেডিয়ার জেনারেল (অব.) শহিদুল এনাম খান ও সাংবাদিক-কলামলেখক সৈয়দ আবুল মকসুদ।

আইজিপি নূর মোহাম্মদ বলেন, অতীতে ক্ষমতাসীন ব্যক্তিদের অন্যান্য আবদার পূরণে অপরাগতা প্রকাশের কারণে অনেক পুলিশ কর্মকর্তাকে ভোগান্তির শিকার হতে হয়েছে। অভ্যন্তরীণ সম্পদের বিকাশে দেশি-বিদেশি বিনিয়োগের ক্ষেত্রে পুলিশের ভূমিকা গুরুত্বপূর্ণ। কিন্তু উন্নয়ন বাজেটে পুলিশের অবস্থান অনেক নিচে। তিনি বলেন, ভারপ্রাপ্ত

- ▶ বিজ্ঞান প্রজ্ঞ
- ▶ আইন অধিকার
- ▶ আলোকিত দক্ষিণ
- ▶ আলোকিত উত্তর
- ▶ আলোকিত চট্টগ্রাম

- ⊗ আরো যা আছে
- ⊙ সকল ফিচার পাতা
- ⊙ পুরনো সংখ্যা
- ⊙ আমাদের কথা
- ⊙ বাংলা না এলে

এ পর্যন্ত পড়েছেন

7<99>=#

জন পাঠক



**Call Bangladesh
From Australia ?**

কর্মকর্তার (ওসি) চাকরি দ্বিতীয় শ্রেণীর। কিন্তু তাঁরা কখনোই তা মনে করেন না। আগের ওসিরা যোগাযোগ রাখতেন স্থানীয় সাংসদদের সঙ্গে। কারণ তাঁর ওপরই নির্ভর করত ওসির ওই এলাকায় থাকা না থাকা।

এএসএম শাহজাহান লিখিত বক্তব্যে উল্লেখ করেন, পুলিশ আইন গণতান্ত্রিক মূলনীতির ভিত্তিতে রচিত হয়নি। তাই গণতান্ত্রিক সমাজে এই আইন অচল। এই আইনে মানুষের গণতান্ত্রিক আশা-আকাঙ্ক্ষা উপেক্ষিত। এখানে পুলিশের জবাবদিহি সীমিত, বরং অন্যায় করে শাস্তি এড়িয়ে যাওয়ার সুযোগ অনেক। ওই আইনে জনসেবার চেয়ে জনসাধারণকে নিয়ন্ত্রণের জন্য পুলিশকে বেশি ক্ষমতা দেওয়া হয়েছে।

কাজী খলীকুজ্জামান বলেন, ‘আমরা যে সুশাসনের কথা বলি, তা প্রতিষ্ঠা করা এখনো সম্ভব হয়নি। আমরা দুর্নীতির চক্র আবদ্ধ। এটা থেকে বের হতে হবে। পুলিশ আইন সংস্কারে জনসচেতনতা সৃষ্টি করতে হবে।’

সৈয়দ শাহ হাবীব উল্লাহ সুগত বক্তব্যে বলেন, দেশের টেকসই উন্নয়নের জন্য দেশের নিরাপত্তা, স্থিতিশীলতা এবং দীর্ঘমেয়াদি প্রবৃদ্ধি অর্জন আবশ্যিক। এসব অর্জনে পুলিশ সেবা খুবই গুরুত্বপূর্ণ। এখন গণমুখী সুচ্ছ ও জন-অংশীদারিমূলক যে সংস্কার আইনের খসড়া তৈরি করা হয়েছে, তা বাস্তবায়ন হলে এর সুফল বাংলাদেশের মানুষ শিগগিরই ভোগ করবে।

+ সংবাদ শিরোনাম

⊞ প্রিন্ট করুন

? বাংলা না এলে

[Home](#) | [About Us](#) | [Feedback](#) | [Contact](#)

Best viewed at 1024 x 768 pixels and IE 5.5 & 6

Editor : Matiur Rahman, Published by : Mahfuz Anam, 52 Motijheel C/A , Dhaka-1000.
News, Editorial and Commercial Office: CA Bhaban, 100 Kazi Nazrul Islam Avenue, Karwan Bazar, Dhaka-1215.
Phone: (PABX) 8802-8110081, 8802-8115307-10, Fax: 8802-9130496, E-mail : info@prothom-alo.com

Copyright 2005, All rights reserved by **Prothom-Alo.com**
[Privacy Policy](#) | [Terms & Conditions](#)